

উপজেলা উন্নয়ন তহবিলের অর্থ দ্বারা যে ধরণের কাজ করা যাবে নাঃ

১. কাফেটেরিয়া, রেঞ্জোরা বা বিপণী কেন্দ্র নির্মাণ।
২. সরকারের কোন বিভাগের বকেয়া পরিশোধের জন্য ব্যয়, যেমন বকেয়া বেতন বা অন্য কোন ঘাটতি/পাওনা পরিশোধ করা।
৩. উপজেলা পরিষদ ভবনের ফটক/সীমানা প্রাচীর, শহীদ মিনার, মসজিদ/মন্দির/গীর্জা নির্মাণ/পুনঃনির্মাণ ইত্যাদি।
৪. জেনারেটর ক্রয় করে বৈদ্যুতিকরণ।
৫. নতুন স্কুল/কলেজ/মাদ্রাসা স্থাপন।
৬. কোন ঝুঁত বা সমিতি ভবন নির্মাণ।
৭. ব্যাংক বা অন্য কোন সরকারি বা স্বায়ত্ত্বাসিত প্রতিষ্ঠানের জন্য কোন ইমারত নির্মাণ/মেরামত বা সম্প্রসারণ।
৮. টেনিস খেলার মাঠ নির্মাণ।
৯. কোন ব্যক্তি, পরিবার বা প্রতিষ্ঠানকে খণ্ড প্রদান।
১০. জাতীয় সরকারের সংরক্ষিত (Retained) বিষয়ের কার্যক্রমে অর্থ ব্যয়।
১১. উপজেলা পরিষদের রাজস্ব খাতসমূহে অর্থ ব্যয়।
১২. পুকুর খনন, স্কুল বা খেলার মাঠ, নুতন হাট-বাজার প্রতিষ্ঠা, ইত্যাদির জন্য জমি ক্রয়। তবে নিরাপদ/সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে পুকুর খনন ও রাস্তা নির্মাণের জন্য জমি ক্রয়ের প্রয়োজন হলে সতর্কতার সাথে যুক্তিপূর্ণভাবে সিদ্ধান্ত নিতে হবে।
১৩. উপজেলা পরিষদে আয়ের জন্য ব্যবসাভিত্তিক প্রকল্প গ্রহণ।
১৪. ব্যবহৃত সাজ-সরঞ্জাম, আসবাবপত্র বা বিলাস দ্রব্য ক্রয়।
১৫. পৌর-এলাকায় কোন প্রকল্প গ্রহণ। তবে জনস্বার্থে অতি জরুরী প্রয়োজন হলে উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে পৌর এলাকায় প্রকল্প গ্রহণ করা যাবে।
১৬. কিন্ডার গার্টেন স্কুল স্থাপন।
১৭. একই প্রকল্পে উপজেলা উন্নয়ন জমার সাথে জাতীয় প্রকল্পের বিভাজ্য অংশের জন্য প্রাপ্ত অর্থ সংমিশ্রণ করে ব্যয়।
১৮. সম্ভাব্যতা, বাস্তবতা, অঘাতিকার, স্থানীয় সম্পদ প্রতিবন্ধকতা ইত্যাদি যাচাই না করে স্বীকৃত গ্রহণ।
১৯. যে কোন প্রকারের যানবাহন ক্রয়।
২০. টেলিফোন স্থাপন, ভূমি উন্নয়ন কর, পৌর কর, বিদ্যুৎ বিল পরিশোধ করা।
২১. কোন কর্মচারী নিয়োগ বা কোন ভাতা পরিশোধ।
২২. দিবস উদ্যাপন, সঙ্গাহ পালন, মেলা বা প্রদর্শনী অনুষ্ঠান।